দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 JUN 2016
পৃষ্ঠা ২৩
কলাম ৪

# গঙ্গাচড়ায় একাদশ শ্রেণিতে ভর্তি জালিয়াতি

■ গঙ্গাচড়া (রংপুর) সংবাদদাতা ।

গঙ্গাচড়ায় নিয়ম বহির্ভূতভাবে শিক্ষার্থীদের মতামত ও অনুমতি ছাড়াই একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি জালিয়াতি করেছে কলেজ কর্তৃপক্ষ। শিক্ষার্থীরা অনলাইনে ভর্তি আবেদন করতে গিয়ে দেখেন তাদের ভর্তি আবেদন করা হয়েছে অনেক আগেই। আর এ রকম ঘটনা ঘটেছে রংপুরের গঙ্গাচড়ার বিভিন্ন মাদ্রাসায়।

জানা যায়, আল আহসান কবির, যার রোল নং- ৪২০৬২০ , রেজি. নং- ১২১৮৮৫১৭২১, শাখা মানবিক সে এ বছর দাখিল পরীক্ষায় ৪.৬৭ জিপিএ পেয়ে বাগডোহরা দারুলহুদা দাখিল মাদ্রাসা থেকে পাস করে। গঙ্গাচড়া বাজারের এক দোকানে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি আবেদন করতে গিয়ে দেখে তার ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। একই ঘটনা ঘটেছে ঐ মাদ্রাসার সামিউল নামের এক ছাত্রের। যার রোল নং -১৭০৫৯৬. রেজি. নং ১২১৮৮৫১৭০৭ ।

শিক্ষার্থীরা জানান, অন্য কলেজে ভর্তির আশা থাকলেও তাদের অনুমতি ছাড়াই বেতগাড়ি একরামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসা কর্তৃপক্ষ আগেই তাদের ভর্তি আবেদন করে রেখেছে। এদিকে কোলকোন্দ ইউনিয়নে কোলকোন্দ তাকিয়া শরিফ আলিম মাদ্রাসায় আবু রায়হান, যার রোল নং ১৭০৪৭৩. রেজি.নং ১৩১৮৮৭৩৯০৭ এবং আনোয়ার হোসেন, যার রোল নং-৪২০৫৮২. রেজি. নং- ১৩১৮৮৭৩৯১২ কে একই কায়দায় তাদের অনুমতি ছাড়াই অনলাইনে আবেদন করেছে মাদ্রাসা কর্তৃপক্ষ।

বেতগাড়ি একরামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জাফরুল হক অনুমতি ছাড়া আগাম ছাত্র ভর্তির বিষয়টি স্বীকার করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শাহনাজ বেগম বলেন, গতবারও বেশ কয়েকটি মাদ্রাসা এ কাজটি করেছিল। এ ব্যাপারে অনেক কিছু হয়েছে। তবে অনুমতি ছাড়া এ ধরনের ভর্তির কোনো বিধান নেই।